

# আনন্দবাজার পত্রিকা

২৩ ভাদ্র ১৪২০ সোমবার ৯ সেপ্টেম্বর ২০১৩

## বাইরে ফেরা



বছর কুড়ি আগের কলকাতা। সেই কলকাতায় একটি দক্ষিণী কন্যার লড়াই, ঘরে-বাইরে। সংবাদপত্রের অফিসে জটিল কর্মজীবনের নানা ওঠাপড়া, আকস্মিক বড় মাপের রদবদলে বাধ্য হয়ে বাইরের বড় পৃথিবীটার দিকে চোখ ফেরানো। বাড়িতে রক্ষণশীল পুরুষতন্ত্রের নিরন্তর চাপ বিয়ে করার জন্য, না হলে জীবন বৃথা। বার বার মায়াকে সেজেগুজে বসতে হয় পাত্রপক্ষের সামনে। মায়া বেরোতে চায় এই খাঁচা থেকে। মায়া নিজের জীবনটাকে নিজে নিয়ন্ত্রণ করতে চায়। শেষে সত্যিই বেরিয়ে আসে মায়া, কিন্তু পরিপার্শ্বের সঙ্গে সে-ও বদলায় বইকী। নয়াদিল্লির প্যালিম্পসেস্ট থেকে সদ্য প্রকাশিত এই উপন্যাস মাই আয়রন উইংস লিখেছেন সুভাষিনী দিনেশ, কলকাতায় পড়াশোনা করার পর তিনি নিজেও অনেক দিন সাংবাদিকতা করেছেন, এখন চেন্নাইয়ে এশিয়ান কলেজ অব জার্নালিজম-এর শিক্ষক।